গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
ওয়েব সাইটঃ www.techedu.gov.bd

স্মারক নং-৩৭.০৩.০০০০.০০১.১৮.২১৫.১৫. ৭২৪ তারিখঃ ০২/০৬/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদন সংক্রান্ত।

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন মাগুড়া পলিটেকনিক ইনস্টিটিউটের ইলেক্ট্রনিক্স টেকনোলজির মেধাবী ছাত্র চিরনজিৎ দত্ত কিডনী রোগে আক্রান্ত। তার মা জনাব শেফালী রানী রায় সন্তানের চিকিৎসার ব্যয়ভার সংকুলান করতে না পারায় আর্থিক সাহায্যের আবেদন জানিয়েছেন।

২। জনাব শেফালী রানী রায় তার আবেদনে জানিয়েছেন যে, সন্তান চিরনজিৎ দত্তের চিকিৎসার জন্য প্রায় ২০/২৪ লক্ষ টাকা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে উক্ত মেধাবী ছাত্রের চিকিৎসার সহায়তাদানের অনুরোধসহ আবেদনপত্র ও অন্যান্য কাগজপত্র এতদসংগে প্রেরণ করা হলো।

৪। এ আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

০২/০৬/১৭
(মোঃ অহিদুল ইসলাম)
যুগ্ম-সচিব
ও
পরিচালক (প্রশাসন)

আর্থিক সাহায্য পাঠানো ঠিকানাঃ
নামঃ শেফালী রানী রায়
বাংলাদেশ কৃষি ব্যাংক
যশোর শাখা
হিসাব নং- ০৩১০-৯৯৪৩
বিকাশ নং-০১৯৬২-৬৯৪৬২৫

বিতরণঃ

১। পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/পিআইইউ/পিআইডব্লিউ/ভোকেশনাল) কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট কলেজ/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, তেজগাঁও, ঢাকা/বগুড়া।
৩। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ, ফরিদপুর/ ময়মনসিংহ/ সিলেট।
৪। অধ্যক্ষ, ........................পলিটেকনিক ইনস্টিটিউট............................/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট/ সার্ভে ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস/মোহাম্মদপুর, সাত মসজিদ রোড, ঢাকা/ রামমালা, কুমিল্লা/তেজগাঁও, ঢাকা।
৫। অধ্যক্ষ, ................................ টেকনিক্যাল স্কুল ও কলেজ ........................................................।
৬। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০) কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭। ইকুইপমেন্ট অফিসার সেন্ট্রাল স্টোর ও সার্ভিসিং স্টোর, পাঠানটুলি, নারায়নগঞ্জ।

অনুলিপিঃ

১। সংযুক্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সকল প্রতিষ্ঠানের ইমেইলে প্রেরণসহ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
২। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। জনাব শেফালী রানী রায়, বেজপাড়া, তালতলা (কবরস্থান) ১২/এ সালমা মঞ্জিল, পিয়ারী মোহান রোড, যশোর।

D/salma/Bidesh letter

A.D-1 / A.O

27/2/17

বরাবর,

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগার গাঁও, ঢাকা।

বিষয়- মেধাবী ছাত্রের চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদন।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আমি একজন বিধবা নারী শেফালী রানী রায় যশোর পৌরসভার ৮ নং বাসিন্দা। আমার ছেলে চিরঞ্জিত দত্ত মাগুরা পলিটেকনিক ইন্সটিটিউটের ইলেকট্রনিক্স টেকনোলজির ২০১১-১২ শিক্ষাবর্ষের মেধাবী ছাত্র। বর্তমানে সে কিডনী রোগে আক্রান্ত হয়ে ভারতের ভেলরে সিএমসি মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আছে। বর্তমানে যশোর কুইন্স হসপিটালে নিয়মিত কিডনী ডাইলোসিস করাতে হচ্ছে। তার চিকিৎসার জন্য ২০/২৪ (বিশ/চব্বিশ) লক্ষ টাকার প্রয়োজন। যা আমার মত গরীব বিধবা মায়ের পক্ষে একা বহন করা সম্ভব নয়। তাই সকল ছাত্র/ছাত্রী ও শিক্ষকবৃন্দের কাছ থেকে আপনার কাছ থেকে আপনার মাধ্যমে মানবিক কারনে আর্থিক সাহায্যের জন্য অনুরোধ করছি।

অতএব মহোদয়ের সমীপে আকুল আবেদন আমাকে আর্থিক সাহয্যের অনুমতি দিয়ে আমার ছেলে চিরঞ্জিত দত্ত-এর জীবন বাঁচাতে সহায়তা করতে আপনার সদয় মর্জি হয়।

সংযুক্তি- ডাক্তার কর্তৃক মেডিকেলের কাগজ
পত্রসহ অন্যান্য কাগজপত্রাদী ১৮ প্রস্থ।

বিনীত নিবেদক
শেফালী রানী
(শেফালী রানী রায়)
স্বামী মৃত বিক্রমজিৎ দত্ত
বেজপাড়া, তালতলা (কবরস্থান)
১২/এ সালমা মঞ্জিল
পিয়ারী মোহান রোড
যশোর

*সাহায্য পাঠানোর ঠিকানা।*

শেফালী রানী রায়
বাংলাদেশ কৃষি ব্যাংক
যশোর শাখা
***হিসাব নং- ০৩১০-৯৯৪৩***

***বিকাশ নং- ০১৯৬২-৬৯৪৬২৫***

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মাগুরা পলিটেকনিক ইন্সটিটিউট, মাগুরা।
E-mail: principalmpi2011@gmail.com
Website: www.magurapoly.gov.bd

স্মারক নং- মাগুরা পলি/২০০৮/১৯৯৪ তারিখঃ ২৬/১১/২০১৬ খ্রিঃ

## চিরনজিৎ দত্ত'র প্রাণ বাঁচাতে আর্থিক সাহায্যর আবেদন।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চিরনজিৎ দত্ত, রোলঃ ৫৫৫১৩০, রেজিঃ ৪৮৪৩৫৭ অত্র প্রতিষ্ঠানের ইলেকট্রনিক্স টেকনোলজির ২০১১-১২ শিক্ষাবর্ষের একজন মেধাবী ছাত্র। তার একটি কিডনী আগেই নষ্ঠ যাওয়ায় কেটে ফেলা হয়। এখন বর্তমানে তার আরও একটি কিডনী জটিল রোগে আক্রান্ত। সে বর্তমানে ভারতের ভেলোরে সি,এম সি মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী দ্রুত তার একটি কিডনী সংযোজন করা প্রয়োজন। বর্তমানে যশোর কুইন্স হাসপাতালে তার ডাইলোসিস চলছে। তার চিকিৎসার জন্য আনুমানিক ২০ (বিশ) লক্ষ টাকার প্রয়োজন। কিন্তু তার বিধবা মায়ের একার পক্ষে এত টাকা দিয়ে কিডনী সংযোজন করা সম্ভব নয়।

তাই একজন বিধবা মায়ের মেধাবী সন্তানের প্রাণ বাঁচাতে আপনার প্রতিষ্ঠানের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের কাছে সাধ্যমত আর্থিক সাহায্য কামনা করছি।

সাহায্য পাঠানো ঠিকানাঃ
চিরনজিৎ দত্ত
সঞ্চয়ী হিসাব নং- ০৩১০-১০৩০১
বাংলাদেশ কৃষি ব্যাংক
যশোর শাখা, যশোর।

**বিকাশ নং-০১৯৬২-৬৯৪৬২৫ (ছাত্রের মা)**

স্বাঃ
(প্রকৌঃ মোঃ মুনির হোসেন)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
মাগুরা পলিটেকনিক ইন্সটিটিউট, মাগুরা।
ফোনঃ ০৪৮৮-৬৩৬৫৫

স্মারক নং- মাগুরা পলি/২০০৮/১৯৯৪ (৬) তারিখঃ ২৬/১১/২০১৬ খ্রিঃ
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল।
১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
২। পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/পিআইইউ/পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
৩। জেলা প্রশাসক, মাগুরা
৪। উপজেলা নিবার্হী কর্মকর্তা, মাগুরা সদর, মাগুরা।
৫। অধ্যক্ষ, মাগুরা সরকারী হোঃ শঃ সোঃ কলেজ, মাগুরা।
৬। অধ্যক্ষ , ............................. পলিটেকনিক ইন্সটিটিউট, .................................. ।
৭। অধ্যক্ষ, ............................. টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, .................................. ।
৮। জনাব ......................................................................................................... ।
৯। সংরক্ষন নথি।

২৬/১১/১৬
(প্রকৌঃ মোঃ মুনির হোসেন)
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
মাগুরা পলিটেকনিক ইন্সটিটিউট, মাগুরা।

# সমাজের কথা

যশোর ❑ শনিবার ❑ ২৪ ডিসেম্বর ২০১৬ ❑ ১০ পৌষ ১৪২৩



০১৭৮৯-৯

বিসমিল্লাহ্ কমিউনি

(অভিজাত ফার্ণিচার ও ডেকোরে

বিবাহ, বৌভাত, জন্মদিন, শুভ হা

সামাজিক ও পারিবারিক অনুষ্ঠানের

৬/এ, ঢাকা রোড, তাল


## সংগঠন সংবাদ

### সার্ভিয়ার যশোর অঞ্চল

শুক্রবার সকাল ১০টায় সার্ভিয়ার বাংলাদেশ যশোর অঞ্চলের উদ্যোগে পুলেরহাট (৩-এর পৃঃ ৫-এর কঃ দেখুন)

### রিকসা-ভ্যান শ্রমিক লীগ যশোর পৌরসভার ৪নং ওয়ার্ড শাখার কমিটি গঠন

জাতীয় রিকসা-ভ্যান শ্রমিক লীগের চার নম্বর ওয়ার্ড কমিটি গঠন করা হয়েছে। মোহাম্মদ শাহিনুরকে সভাপতি ও মোহাম্মদ (৩-এর পৃঃ ৪-এর কঃ দেখুন)

### নড়াইলের বাঁশগ্রামে জাতীয় পার্টির কমিটি গঠন

লোহাগড়া (নড়াইল) প্রতিনিধি॥ নড়াইলের দারিয়াপুরে জাতীয় পার্টির বাঁশগ্রাম (৩-এর পৃঃ ২-এর কঃ দেখুন)

## মেধাবী ছাত্র চিরঞ্জিৎ দত্তের দ্বিতীয় কিডনিটিও নষ্ট হতে চলেছে

নিজস্ব প্রতিবেদক ॥ মাগুরা পলিটেকনিক ইন্সটিটিউটের ইলেকট্রনিক্স টেকনোলজির ২০১১-১২ শিক্ষাবর্ষের মেধাবী ছাত্র চিরঞ্জিৎ দত্তের একটি কিডনি নষ্ট হয়ে যাওয়ায় আগেই কেটে ফেলা হয়। তার অন্য কিডনিটিও এখন নষ্ট হওয়ার পথে। বর্তমানে ভারতের ভেলরে সিএমসি মেডিকেল কলেজ হাসপাতালে তার চিকিৎসা চলছে। নিয়মিত কিডনি ডাইলোসিস করতে হচ্ছে। ডাক্তারদের পরামর্শ অনুযায়ী এখন যত দ্রুত সম্ভব চিরঞ্জিতের একটি কিডনি প্রতিস্থাপন করা প্রয়োজন। কিন্তু এর জন্য প্রায় ২০ লাখ টাকা দরকার। যা তার বিধবা মায়ের পক্ষে যোগাড় করা একেবারেই অসম্ভব।




ছেলেকে বাঁচাতে বিধবা মা শেফালী রাণী রায় এখন মানুষের দ্বারে দ্বারে ঘুরছেন। সাহায্য পাঠানোর ঠিকানা: চিরঞ্জিৎ দত্ত, সঞ্চয়ী হিসাব নম্বর ০৩১০-১০৩০১, বাংলাদেশ কৃষি ব্যাংক, যশোর শাখা। চিরঞ্জিৎ দত্তের মা শেফালী রাণী রায়ের বিকাশ নম্বর ০১৯৬২৬৯৪৬২৫।

## খুলনা

### ফুলতলায় প্রার্থীর ম

ফুলতলা (খুলনা) প্রতিনিধি॥ জেলা পরিষদের চেয়ারম্যা জেলা আওয়ামী লীগের সভাপ হারুনুর রশিদ বৃহস্পতিবার সদর ও জামিরা ইউনিয়নের এলাকায় মতবিনিময় করেন। অন্যান্যের মধ্যে উপস্থিত সাইফুল হাসান, বিএমএ সাল এম মাকসুদুর রহমান, গাজী হাদি, নুরুজ্জামান জামাল, জে হোসেন জবা, অ্যাড. ন চক্রবর্তী, অধ্যাপক নিমাই সরদার জাকির হোসেন, ফরি আসলাম খান, শেখ রওশন শওকত আকুঞ্জী, এসকে ইয়াছিন, আশরাফুল আলম ক




যশোর জেলা আইনজীবী সমিতির বিশেষ সংখ্যা 'বিদ্রোহী'র প্রকাশনা

## ঝিনাইদহে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ

ঝিনাইদহ প্রতিনিধি॥ ঝিনাইদহে ৫ শতাধিক শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। বুধবার রাতে ঝিনাইদহ শহরের চাকলাপাড়ার সিও এনজিওর আয়োজনে এ কম্বল বিতরণ করা হয়।

এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন সিও'র নির্বাহী পরিচালক সামছুল আলম। প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আব্দুর রউফ মন্ডল। বিশেষ অতিথি ছিলেন যশোর এম এম কলেজের অধ্যক্ষ মিজানুর রহমান, পৌর মডেল স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ শহিদুল ইসলাম, জেলা সমাজ সেবা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুল মতিন, সদর থানার ওসি হরেন্দ্রনাথ সরকার, লালন একাডেমীর সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম বাদশা, যশোর এম এম কলেজের শিক্ষক আর এম এ জাকারিয়া ও সাংবাদিক সাজ্জাদ আহমেদ। আলোচনা শেষে প্রধান অতিথি অসহায় ও দুস্থদের মাঝে কম্বল বিতরণ করেন।

### কলারোয়া ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি সভাপতি শেখ ইমরান সাধারণ সম্পাদক রাসেল

কলারোয়া (সাতক্ষীরা) প্রতিনিধি॥ সাতক্ষীরার কলারোয়ায় উপজেলা ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হয়েছে। শুক্রবার বিকালে সাতক্ষীরা জেলা ছাত্রলীগের সভাপতি তানভীর হুসাঈন সুজন ও সাধারণ সম্পাদক শেখ এহসান হাববীব অয়ন স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে, শেখ ইমরান হোসেনকে সভাপতি ও ইলিয়াস হোসেন রাসেলকে (৩-এর পৃঃ ৫-এর কঃ দেখুন)

## বিদ্রোহী সাহিত্য পরিষদের প্রকাশনা উৎসব অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক॥ বিজয় দিবস ২০১৬ উপলক্ষে বিদ্রোহী সাহিত্য পরিষদ প্রকাশিত বিশেষ সংকলন 'বিদ্রোহী' এর প্রকাশনা উৎসব শুক্রবার বিকাল ৪টায় যশোর আইনজীবী সমিতির এক নম্বর ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মোস্তাফিজুর রহমান। বিশেষ (৩-এর পৃঃ ৪-এর কঃ দেখুন)

## রাজগঞ্জ ডিগ্রি কলেজে চুরি

রাজগঞ্জ (যশোর) প্রতিনিধি॥ বৃহস্পতিবার গভীর রাতে রাজগঞ্জ ডিগ্রি কলেজে চুরি সংঘঠিত হয়েছে। একটি সংঘবদ্ধ চোর চক্র কৌশলে অফিস ভবনের পিছনের জানালা ভেঙ্গে অফিস কক্ষে ও অধ্যক্ষের কক্ষে প্রবেশ করে ৪ টি আলমারী, ভেঙ্গে তছনছ করে নগদ ১৫শ টাকা ১টি ল্যাপটপ, (৩-এর পৃঃ ১-এর কঃ দেখুন)

## কালীগঞ্জে

### বাইসাইকে

নিজস্ব প্রতিবেদক, কা ঝিনাইদহের কালীগঞ্জে গ ট্রাংকলরির চাপায় এক বাই আরোহী নিহত হয়েছেন। সকালে কালীগঞ্জ শহরের সিনেমা হলের সামনে এ ঘটে। নিহত ব্যক্তির নাম জানা যায়নি।

কালীগঞ্জ থানার ওসি ইসলাম জানান, সকালে কালীগঞ্জ মেইন বাসস্ট্যা



পাইকগাছায় শাপলা স্পোর্টিং ক্লাবের সাংস্কৃতিক অনুষ্ঠানে বক্তব্য রাখেন মেয়র সেলিম জাহাঙ্গীর -সমাজের কথা


বিজয় মেলা-২০১৬

আরবপুর ইউনিয়ন পরিষদ, সদর, যশোর।


*যশোর জেলা পরিষদ নির্বাচন*

## টিউবওয়েল প্রতীক নিয়ে ভোটার দ্বারে যাচ্ছেন শহিদুল ইসলাম মি

জিয়াউর রহমান, নেংগুড়াহাট (যশোর)॥ যশোর জেলা পরিষদ নির্বাচনে ১৩ নাম্বার ওয়ার্ডের মেম্বার প্রার্থী শহিদুল ইসলাম মিলন টিউবওয়েল



শুক্রবার দিনভর প্রায় ডজ ভোটার বিভিন্ন ভোটারদে গিয়ে ভো এ পরিষ নাম্বার এক